# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

## Bangladesh Class-III Govt. Employees Association

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

অস্থায়ী কার্যালয় ঃ ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

---

স্মারক নং ঃ বাতসকস/০৪ তারিখ ঃ ০৮/০৯/২০১২ইং।

## সভার কার্যবিবরণী

৮ আগস্ট ২০১২ রোজ শনিবার বিকাল ৪.০০ ঘটিকায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, কেন্দ্রীয় নির্বাহী পরিষদের এক সভা ঢাকার মহাখালীস্থ নিপসম অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের সভাপতি জনাব মোঃ মাহ্‌ফুজুর রহমান। সভার আলোচ্য সূচী ছিল (১) ঢাকা মহানগর কমিটির অভিষেক অনুষ্ঠান, (২) সাংগঠনিক ও (৩) বিবিধ। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন কেনিপ সহ-সভাপতি জনাব মোঃ নুরুন নবী। সভায় আলোচ্য সূচীভিত্তিক সিদ্ধান্তমূলক বক্তব্য রাখেন ঃ সাংগঠনিক সচিব জনাব মোঃ জসিম উদ্দিন, মোঃ রফিকুল ইসলাম মামুন, সঞ্জয় কুমার বনিক, মোঃ মোস্তাফিজুর রহমান। যুগ্ম মহাসচিব মোঃ আব্দুল ওয়াদুদ, মোঃ আজিজুল হক, মোঃ রমিজ উদ্দিন মাঝি। সহ-সভাপতি মোঃ নজরুল ইসলাম, মোঃ ওবায়দুর রহমান রেজা, মোঃ হাবিবুর রহমান। কার্যকরী সভাপতি মোঃ রশীদ উল্লাহ, সম্মানিত উপদেষ্টা মোঃ হারুন উর রশিদ ও মহাসচিব মোঃ লুৎফর রহমান প্রমুখ।

নেতৃবৃন্দের গঠনমূলক বক্তব্যের আলোকে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

### গৃহীত সিদ্ধান্তসমূহ

০১। সভায় অর্থ সচিব জনাব মোঃ হারেছ ১লা জুন, ২০১২ সমিতির অনুষ্ঠিত জাতীয় প্রতিনিধি সম্মেলন ও যুগপূর্তি অনুষ্ঠানের আয় ও ব্যয়ের হিসাব বিবরনী নিম্নরূপ উপস্থাপন করেন।

**আয় বিবরণী ঃ** (১) কেনিপ সদস্য/নেতৃবৃন্দের নিকট হতে প্রাপ্ত অনুদান টাঃ ২৩,০০০ (২) ঢাকা মহানগর সাংগঠনিক অঞ্চলসমূহ হতে কুপন বিক্রয়ের মাধ্যমে প্রাপ্ত টাঃ ১,৪৩,৭০০ (৩) কক্সবাজার জেলা কমিটি হতে প্রাপ্ত টাঃ ১০,০০০ (৪) স্মরণিকার বিজ্ঞাপন বাবদ প্রাপ্ত টাঃ ১,৮০,৭৬০ (৫) সম্মেলনে আগত প্রতিনিধি নেতৃবৃন্দের রেজিস্ট্রেশন বাবদ প্রাপ্ত টাঃ ১৪,৩২০ এবং (৬) সমিতির বর্তমান কার্যকরী সভাপতি জনাব মোঃ রশিদ উল্লাহ কর্তৃক দেয় টাঃ ৩০০০ সহ সর্বমোট প্রাপ্ত আয় টাঃ ৩,৭৪,৭৮০ ( তিন লক্ষ চুয়াত্তর হাজার সাতশত আশি টাকা )।

**ব্যয় বিবরণী ঃ** (১) প্রতিনিধিদের খাবার, ভিআইপিদের খাবার ও সকালের নাস্তা বাবদ টাঃ ১,৩৮,৭৬৯ + ১৩,৫০০ + ১০,৮০০ = মোট টাঃ ১,৬৩,০৬৯ (২) সংকলন, মহাসচিবের প্রতিবেদন ও দাওয়াত কার্ড ছাপানো বাবদ টাঃ ১,৪৫,০০০ (৩) বড় সাইজ ডিজিটাল ব্যানার, পোস্টার ও লিফলেট, প্রতিনিধি কার্ড ও খাবার কুপন বাবদ টাঃ ২০,০০০ + ৩৮,০০০ + ১৭,০৬০ মোট ৭৫,০৬০ টাকা (৪) বিভিন্ন জেলায় কাগজপত্র প্রেরণ বাবদ টাঃ ১১,৭০০ (৫) হল ভাড়া ও হল ডেকোরেশন বাবদ টাঃ ২১,০০০ (৬) সাংস্কৃতিক অনুষ্ঠান বাবদ টাঃ ১৫,৫০০ (৭) ভিডিও এবং স্টিল ছবি বাবদ টাঃ ৭,০০০ (৮) আনুসাঙ্গিক (মিডিয়া ও অন্যান্য ) বাবদ টাঃ ১৫,০০০ (৯) বিজ্ঞাপন কমিশন বাবদ টাঃ ৫,০০০ সহ সর্বমোট টাঃ ৪,৫৭,৬৩৬ ( মাত্র চার লক্ষ সাতান্ন হাজার ছয়শত ছয়ত্রিশ টাকা )। অর্থ সচিব তার উপস্থাপনে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের নেতৃবৃন্দের মধ্যে মাত্র ২৩জন সর্বনিম্ন অনুদান প্রদান ও অধিকাংশ নেতৃবৃন্দ কোন অনুদান প্রদান না করায় হতাশা ব্যক্ত করেন।

উপরোক্ত হিসাব বিবরণীর উপর বক্তব্য আলোচনা ও পর্যালোচনান্তে মোট আয় টাঃ ৩,৭৪,৭৮০এবং মোট ব্যয় টাঃ ৪,৫৭,৬৩৬ সর্বসম্মতক্রমে অনুমোদন করা হলো। ফলে সমিতির মোট ঋণের পরিমান (৪,৫৭,৬৩৬ - ৩,৭৪,৭৮০ ) = ৮২,৮৫৬ টাকা ( মাত্র বিরাশি হাজার আটশত ছাপান্ন টাকা )।

০২। সভায় ০৭/০৮/২০১২ইং তারিখে অনুষ্ঠিত সমিতির ইফতার মাহফিল ও আলোচনা অনুষ্ঠানে প্রাপ্ত **আয় বিবরণী ঃ** (১) সভাপতি টাঃ ৫০০০ (২) কার্যকরী সভাপতি টাঃ ৫০০০ (৩) মহাসচিব টাঃ ৫০০০ (৪) নারায়ণগঞ্জ জেলা নির্বাহী সংসদের পক্ষে কেনিপ সাংগঠনিক সচিব জনাব মনিরুল ইসলাম টাঃ ৫০০ (৫) ৫নং সাংগঠনিক অঞ্চল (আজিমপুর) টাঃ ১৫০০ এবং সাংগঠনিক অঞ্চল ১, ২, ৩, ৪, ৬, ৭, ৮, ৯ ও ১০ প্রতি সাংগঠনিক অঞ্চল ২০০০ X ৯ = ১৮,০০০ সর্বমোট ৩৩,৫০০ টাকা অনুদান হিসাবে পাওয়া যায়। মোট **ব্যয় বিবরণী ঃ** (১) বিরিয়ানী ২০০ প্যাকেট X ১০০ টাকা হারে = ২০,০০০ + দাওয়াত কার্ড- ৩০০ শত টাঃ ৫০০০ + পানি ২০০ ক্যান ও ফলের জুস ২০০ ক্যান ৬০০০ + খেজুর ও আনুষাঙ্গিক ১৫০০ সর্বমোট ৩২,৫০০ টাকা। মোট উদ্বৃত্ত (৩৩৫০০-৩২৫০০) = ১০০০ টাকার হিসাব বিবরনী সর্বসম্মতক্রমে অনুমোদন করা হলো।

০৩। সভায় সমিতির সাবেক নির্বাহী সদস্য ও যমুনা সেতু অথরিটি কর্মচারী সমিতি, বনানী, ঢাকার সাধারণ সম্পাদক জনাব অসীম কুমারকে কর্তৃপক্ষ কর্তৃক নির্যাতনমূলক ভাবে চাকুরীচ্যূত করায় সমিতি ও নেতৃবৃন্দের পক্ষ হতে আইনী সহায়তা প্রদানের জন্য অনুদান হিসাবে ১০,০০০ (দশ হাজার) টাকা চেকের মাধ্যমে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। যথাশীঘ্র এই অনুদানের অর্থ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

০৪। সভায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির " ঢাকা মহানগর কমিটির " অভিষেক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে হল ও অনুষ্ঠানের তারিখ নির্ধারণ, আয় ব্যয়ের উৎসসহ বিস্তারিত বাজেট প্রণয়ন ও সার্বিক ব্যবস্থা গ্রহনের জন্য নিম্ন বর্ণিত নেতৃবৃন্দের সমন্বয়ে একটি অনুষ্ঠান প্রস্তুতি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো।

ঢাকা মহানগর কমিটির অভিষেক অনুষ্ঠান প্রস্তুতি কমিটি

| | | | | |
|---|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ ইব্রাহিম খলিল | সহ-সভাপতি, কেনিপ | আহবায়ক | ০১৭১১-২২২১১৩ |
| ০২। | জনাব এম এ মান্নান | অতিরিক্ত মহাসচিব, কেনিপ | সদস্য সচিব | ০১৯১২-০৬৯৮২২ |
| ০৩। | জনাব ওবায়দুর রহমান রেজা | সহ সভাপতি | সদস্য | ০১৭১২-২৯১৪০৪ |
| ০৪। | জনাব তাপস কুমার সাহা | যুগ্ম মহাসচিব | সদস্য | ০১৭১২-২০৫২৯৭ |
| ০৫। | জনাব আব্দুল ওয়াদুদ | যুগ্ম মহাসচিব | সদস্য | ০১৯১৩-০০৪৭০০ |

ঢাকা মহানগর কমিটির অভিষেক অনুষ্ঠান উপলক্ষে গঠিত কমিটির নেতৃবৃন্দ মহানগর কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের সাথে আলোচনা করে সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন। সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যে কমিটিকে অভিষেক অনুষ্ঠান আয়োজন করার জন্য অনুরোধ জানানো হয়।

০৫। সভায় গঠনতন্ত্রের অনুচ্ছেদ ৫(পাঁচ) এর বিধান মোতাবেক প্রজাতন্ত্রের কর্মচারী অঙ্গনে সফল নেতৃত্বদানকারী নিম্ন বর্নিত জাতীয় নেতৃবৃন্দকে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সম্মানিত উপদেষ্টা হিসেবে নির্বাচিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

| ক্রঃ নং | নাম | পরিচিতি |
|---|---|---|
| ০১। | জনাব সৈয়দ মহীউদ্দিন<br>০১৭২৬-৭৮৩৩৭৫ | সাবেক প্রতিষ্ঠাতা মহাসচিব, বাংলাদেশ সচিবালয় সংযুক্ত কর্মচারী পরিষদ,<br>সভাপতি, সংহতি পরিষদ ও আহবায়ক, বাংলাদেশ সংহতি ও সমন্বয় পরিষদ লিয়াজো কমিটি। |
| ০২। | জনাব হারুন উর রশিদ<br>০১৭১২-৫৬৭৯৩৩ | সাবেক মহাসচিব, স্বাস্থ্য অধিদপ্তর কর্মচারী সমিতি ও সভাপতি, সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ, প্রতিষ্ঠাতা সাবেক সভাপতি, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি।<br>সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ০৩। | জনাব মোঃ শাহাবুদ্দীন,<br>বীর মুক্তিযোদ্ধা<br>০১৭১১-৮৮১৮৩০. | সাবেক মহাসচিব, বাংলাদেশ সরকারী কর্মচারী সংহতি পরিষদ, আইন হিসাব ও নিরীক্ষা বিষয়ক সম্পাদক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মহাসচিব, বাংলাদেশ অডিট পরিষদ ও বাংলাদেশ সরকারি কর্মচারী দাবী বাস্তবায়ন পরিষদ। |
| ০৪। | জনাব এ বি এম আবদুর রশীদ<br>০১৭১২-৭৩৯৮৮২ | সাবেক সভাপতি, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় কর্মচারী সমিতি ও<br>সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ০৫। | জনাব শেখ আল বেরুনী<br>০১৭১৫-২৮৫৩০৭ | সভাপতি, পি টি এন্ড টি অডিট কর্মচারী সমিতি, সভাপতি বাংলাদেশ অডিট পরিষদ ও<br>কার্যকরী সভাপতি, বাংলাদেশ সংহতি পরিষদ। |
| ০৬। | জনাব মোঃ শাহাব উদ্দিন<br>০১৭১২-০৪৯৬২২ | সভাপতি, জনস্বাস্থ্য প্রকৌশল শ্রমিক কর্মচারী ইউনিয়ন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্রমিক কর্মচারী সংযুক্ত ফেডারেশন ও বাংলাদেশ শ্রমিক ফেডারেশন। |
| ০৭। | শাহ মোহাম্মদ শফিউল হক<br>যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা<br>০১৭১১-১৫৯২০৪ | সাবেক মহাসচিব, বাংলাদেশ খাদ্য কর্মচারী পরিষদ ও ভারপ্রাপ্ত মহাসচিব, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ০৮। | জনাবা মমতাজ বেগম<br>বীর মুক্তিযোদ্ধা<br>০১৫৫২-৩৪৩৩৬৭ | সাবেক সভাপতি, বাংলাদেশ খাদ্য কর্মচারী পরিষদ ও সহ-সভাপতি, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ০৯। | জনাব সৈয়দ শরিফুল ইসলাম<br>০১৭২০-৯৫৭৭৩৯ | সভাপতি, খামারবাড়ী নন-গেজেটেড সরকারি কর্মচারী কল্যাণ সমিতি ও<br>সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ১০। | জনাব মোঃ আমিরুল ইসলাম<br>০১৭১১-৪৮৮৮৭৩ | সাবেক সভাপতি, বাংলাদেশ যুব উন্নয়ন অধিদপ্তর কর্মচারী সমিতি ও<br>সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ১১। | জনাব মোঃ সিরাজ উদ্দিন<br>০১৮১৯-২৬২২৩৯ | সাবেক সাধারন সম্পাদক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্মচারী সমিতি ও অর্থ সচিব, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি |
| ১২। | জনাবা হালিমা আক্তার<br>০১৫৫২-৪৬৯৬৮১ | সাবেক মহিলা সচিব, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি।<br>সভাপতি, বাংলাদেশ মিডওয়াইফারী সোসাইটি বাংলাদেশ। |
| ১৩। | জনাব আবু মোহাম্মদ হাসান<br>৩২, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকা।<br>০১৭২৮-৩৫০৭৩১ | সাবেক সহ-সভাপতি, বাংলাদেশ জুডিসিয়াল কর্মচারী সমিতি ও সহ-সভাপতি, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ১৪। | জনাব মোঃ মাহবুবুর রহমান<br>০১৭১৪-২৬৫৯৫৬ | সভাপতি, বাংলাদেশ শ্রম অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি এবং<br>সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। |
| ১৫। | জনাব মোঃ গোলাম মোস্তফা<br>০১৮১৮-৪৭৪৩২৩ | সাবেক সাধারন সম্পাদক, কারিগরী কর্মচারী সমিতি, প্রতিষ্ঠাতা মহাসচিব, বাংলাদেশ শিক্ষা অধিদপ্তর কারিগরী কর্মচারী সমিতি, নির্বাহী সম্পাদক, বাংলাদেশ নন গেজেটেড সরকারি কর্মচারী ঐক্য ফ্রন্ট। |

০৬। সভায় আগামী ১২/১০/২০১২ইং রোজ শুক্রবার সকাল ৯.৩০ ঘটিকায় পাবলিক লাইব্রেরীর নীচ তলায় সেমিনার কক্ষে সমিতির কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নেতৃবৃন্দ ও ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দের সমন্বয়ে একটি যৌথ সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। সভার বিজ্ঞপ্তি প্রদানসহ সার্বিক আয়োজনের ব্যবস্থা গ্রহণ করার জন্য মহাসচিব মহোদয়কে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে মূল্যবান সময় দিয়ে গৃহীত সিদ্ধান্ত গ্রহণে সহযোগীতা প্রদান করায় ধন্যবান জ্ঞাপন করাসহ সকলের সুস্বাস্থ্য ও পারিবারিক সুখ শান্তি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ মাহফুজুর রহমান )
সভাপতি
০১৭১৫-৬৬৫৫৪৬

স্মারক নং ঃ বাতসসক/০৪(২০০)

তারিখ ঃ ০৮/০৯/২০১২ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ -

০১। ..............................................................................................................................

০২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, বিভাগ/জেলা ..................................।

০৩। জনাব ..................................................। বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, কেনিপ ..............।

( মোঃ লুৎফর রহমান )
মহাসচিব
০১৯২২-১১৭৫০১